গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(তথ্য ও অভিযোগ শাখা)
www.sylhet.gov.bd

## নভেম্বর/২০১৬ সালে অনুষ্ঠিত এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: জয়নাল আবেদীন, জেলা প্রশাসক, সিলেট। |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সিলেট। |
| সভার তারিখ ও সময় | : | ১০ নভেম্বর, ২০১৬ সকাল ১০.৩০ ঘটিকা। |

উপস্থিতি : পরিশিষ্ট ক

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য ও অভিযোগ শাখা বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

**বিস্তারিত আলোচনা:**

সভার শুরুতে সভাপতি জানান, সিলেট জেলার তালিকাভূক্ত ৪৫টি এনজিও সংস্থার তথ্য ইতোমধ্যে এনজিও পোর্টালে অন্তর্ভূক্ত করা হয়েছে। এনজিও পোর্টালে তথ্য আপলোডের জন্য তালিকাভূক্ত সকল এনজিও সংস্থাসমূহকে পৃথক পৃথক ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রদান এবং কিভাবে নিজেদের প্রতিষ্ঠানের তথ্য এনজিও পোর্টালে আপলোড করতে হবে সে বিষয়টি ইতোমধ্যে বুঝিয়ে দেওয়া হয়েছে। সভাপতি এনজিও পোর্টালে তথ্য আপলোডের ক্ষেত্রে যেসব সংস্থাসমূহের তথ্য হালনাগাদ হয়নি বা হালনাগাদ করতে সমস্যার সম্মুখিন হচ্ছেন সেসব সংস্থাসমূহকে এ কার্যালয়ের সহকারী প্রোগ্রামার এর নিকট যোগাযোগ করার জন্য অনুরোধ করেন।

সভাপতি তালিকাভূক্ত সকল এনজিও সংস্থাসমূহকে জঙ্গিবাদ বিরোধী ও বাল্যবিবাহমুক্ত কার্যক্রম অব্যাহত রাখা এবং এ বিষয়ে কোন অসঙ্গতি দেখলে তা সাথে সাথে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য অহ্বান জানান।

জনাব মো: হাসমত আলী, প্রতিনিধি, টেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস), বলেন, টিএমএসএস এর সমৃদ্ধি কর্মসূচীর আওতায় সিলেট জেলার সুরমা উপজেলার তেতলী ইউনিয়নে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, বাল্য বিবাহ ও শিশু শ্রম নিরসনে কাজ করে যাচ্ছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যাতে ঝড়ে না পড়ে সে লক্ষ্যে তার সংস্থার কার্যক্রম অব্যাহত রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেছেন।

জনাব মো: ইরফানুজ্জামান চৌধুরী, কো-অর্ডিনেটর, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাষ্ট) বলেন, বিগত জানুয়ারী/১৬ হতে সেপ্টেম্বর/১৬ মাসে তার সংস্থায় অভিযোগ এসেছে ১৭৫টি, পরামর্শ দেওয়া হয়েছে ৫১টি, রেফার করা হয়েছে ০৭টি, সালিসের মাধ্যমে আপোষ নিষ্পত্তি করা হয়েছে ৬৪টি। তিনি আরো বলেন, সালিসের মাধ্যমে টাকা আদায় করা হয়েছে বার লক্ষ নব্বই হাজার টাকা। এছাড়া তার সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেছেন।

জনাব মো: হাফিজুর রহমান, কো-অর্ডিনেটর, বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি) বলেন, বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি মূলত মা ও শিশুর স্বাস্থ্যসহ পরিবার পরিকল্পনার সব ধরনের সেবা প্রদান করে থাকে। বিগত অক্টোবর/১৬ মাসে তার সংস্থা গর্ভবতী মায়ের ডেলিভারী/সিজার সহ অন্যান্য পরিবার পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম স্বাভাবিকভাবেই সম্পন্ন করেছে মর্মে তিনি সভাকে জানান।

জানাব এটিএম বদরুল ইসলাম, নির্বাহী পরিচালক, জৈন্তিয়া ছিন্নমুল সংস্থা (জেছিস) বলেন, তার সংস্থার উপ-অনুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় কর্মসূচীর আওতায় জৈন্তাপুর উপজেলার ২৬৬ জন শিক্ষার্থী এবার প্রাথমিক সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করবে। তিনি আরো বলেন, পিএইচআর কর্মসূচীর আওতায় ওসমানীনগর উপজেলায় ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া জৈন্তিয়া ছিন্নমুল সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেছেন।

জনাব মো: ফিরোজুর রহমান, জেলা ম্যানেজার, আশা সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, তার সংস্থা আওতায় অনেকগুলো কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে। আশার সঞ্চয় ও ঋণ কর্মসূচী, প্রাথমিক শিক্ষা শক্তিশালী কর্মসূচী, স্বাস্থ্য সচেতনতা কর্মসূচী, রেমিটেন্স কর্মসূচী, স্যানিটেশন কর্মসূচী এবং ফিজিওথেরাপী কর্মসূচীর কার্যক্রম অব্যাহত রয়েছে বলে তিনি সভাতে জানান।

জনাব ফজলে মাওলা চৌধুরী, কো-অর্ডিনেটর, নি:স্ব সহায়ক সংস্থা (এনএসএস) সভাকে অবহিত করেন যে, তার সংস্থা আগামী মাসে সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলায় ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদের পিটাটিকর গ্রামে ২৫টি অসহায় অতি-দরিদ্র পরিবারের মধ্যে ২৫টি স্যানিটারী লেট্রিন বিতরণ করার উদ্যোগ গ্রহণ করেছে। এছাড়া এএসএস দক্ষিণ সুরমা উপজেলায় লালাবাজার ইউনিয়নের শাহ-সিকন্দর গ্রামে জোবেদা প্রাথমিক বিদ্যালয়ের ১৮০ জন শিক্ষার্থীর মধ্যে সপ্তাহে ২ দিন করে মিড ডে মিল বিতরণ অব্যাহত রেখেছে বলে তিনি সভাকে জানান।

জনাব মো: আব্দুর রাহিম, জেলা সুপারভাইজার (টিভি), হীড বাংলাদেশ সভাকে জানান, বিগত অক্টোবর/১৬ মাসে তার সংস্থা সন্দেহজনক রোগিদের মধ্য হতে কফ পরীক্ষা করে ৩৮৮ জন যক্ষ্মা রোগি শনাক্ত করে চিকিৎসার আওতায় এনেছে। তিনি আরো বলেন, তার সংস্থা ৩৬ জন মাল্টি ড্রাগ রেজিট্যান্স রোগিকে বিনামূল্যে চিকিৎসা প্রদান করছে। এছাড়া সিলেট জেলার ১২টি উপজেলায় মাইকিং করে জনসচেতনতামূলক প্রচারণা চালানো হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেছেন।

অ্যাডভোকেট শাহ সাহেদা, বিভাগীয় সমন্বয়ক, বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিত (বেলা) জানান, বিগত মাসে সিলেট জেলার ৫টি উপজেলায় অবৈধ স্টোন ক্রাশার মেশিন পরিচালনার বিষয়ে সদর উপজেলার ধুপাগুল এলাকায় ফলোআপ পরিদর্শন করা হয়েছে। মেশিনগুলো আদালতের আইন অমান্য করে এয়ারপোর্ট এর সন্নিকটে পরিচালিত হচ্ছে বলে তিনি সভাকে অবহিত করেছেন। বেলার মাধ্যমে এলাকার ভূক্তভোগীরা স্টোন ক্রাশার মেশিনগুলো অন্যত্র সরিয়ে নেয়ার জন্য অথবা এর কার্যক্রম বন্ধ করার জন্য প্রশাসনের কাছে দাবী জানিয়েছেন বলেও তিনি সভাকে জানান।

জনাব বিভাষ চন্দ্র তরফদার, জেলা ব্র্যাক প্রতিনিধি বলেন, ব্র্যাক এর শিক্ষা কর্মসূচীর ৫১৪টি ব্র্যাক প্রাইমারী স্কুল, ২৬৩টি ব্র্যাক প্রি-প্রাইমারী স্কুল, ৩৯টি গণকেন্দ্র পাঠাগার এবং ১৬৬টি কিশোরী ক্লাব চলমান রয়েছে। তিনি আরো বলেন তার সংস্থার স্কিলস ডেভেলপমেন্ট কর্মসূচী এর আওতায় বিভিন্ন ট্রেডে ৭০ জনকে প্রশিক্ষণ দিচ্ছে। এছাড়া ব্র্যাক মানবাধিকার ও আইন সহায়তা কর্মসূচী এর আওতায় ১২ জনকে আইনী সহায়তা প্রদান করাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেছেন।

জনাব ডা: এসএম রাহুল আমিন, পরিচালক, সীমান্তিক এইচআরডি জানান, সীমান্তিক মানব সম্পদ উন্নয়ন এর লক্ষ্যে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারী প্রোগ্রামের মাধ্যমে ৬০ জন শিক্ষার্থীকে বিনামূল্যে থাকা, খাওয়া, বই পুস্তকসহ যাবতীয় খরচ বহন করছে। তিনি আরো বলেন, তার সংস্থা ৪ বছর মেয়াদী মেডিকেল এসিস্টেন্ট কোর্স, ২ বছর মেয়াদী কমিউনিটি প্যারামেডিকস কোর্স পরিচালনা করছে। এছাড়া তার সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি সভাকে জানান।

জনাব মো: আব্দুল হান্নান, কো-অর্ডিনেটর, যমযম, বাংলাদেশ সভাকে অবহিত করেন যে, তার সংস্থা বেসিক লিটরেসি প্রোগ্রাম এর আওতায়, সিলেট সিটি কর্পোরেশন এলাকায় ১০০টি শিশু শিক্ষা কেন্দ্রে প্রতিদিন ২ ঘন্টা করে বাংলা, ইংরেজী, গণিত ও ধর্মীয় বিষয়ে শিশুদের শিক্ষা দেওয়া হয়। এছাড়া তার সংস্থার হেলথ এন্ড হাউজিং প্রোগ্রাম এর অধীনে শিশু শিক্ষা কেন্দ্রের ছাত্র-ছাত্রীদের ও তাদের পরিবারের সদস্যদেরকে এম.বি.বি.এস ডাক্তার দ্বারা প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং ফ্রি ঔষধ প্রদান করা হচ্ছে বলে তিনি সভাকে অবহিত করেছেন।

জনাব কাজী মো: আবুল কালাম আজাদ, নির্বাহী পরিচালক, এওয়ার্ড বলেন, তার সংস্থার উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পটি সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় ৩৯টি কেন্দ্রে পরিচালিত হচ্ছে। চলতি বছরে প্রকল্পের ১০টি কেন্দ্রের প্রায় ৬০০ জন শিক্ষার্থী সমাপনী পরিক্ষায় অংশগ্রহণ করবে বলে তিনি সভাকে অবহিত করেছেন। এছাড়া তার সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি সভাকে জানান।

সিদ্ধান্তসমূহ :

০১। এনজিও ওয়েব পোর্টালে যেসব এনজিও সংস্থাসমূহের তথ্য হালনাগাদ হয়নি বা হালনাগাদ করতে সমস্যার সম্মুখিন হচ্ছেন সেসব সংস্থাসমূহকে এ কার্যালয়ের সহকারী প্রোগ্রামার এর নিকট যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। তালিকাভূক্ত সকল এনজিও সংস্থাসমূহকে জঙ্গিবাদ বিরোধী ও বাল্যবিবাহমুক্ত কার্যক্রম অব্যাহত রাখা এবং এ বিষয়ে কোন অসঙ্গতি দেখলে তা সাথে সাথে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় এনজিওসংস্থাসমূহ তাদের সাম্প্রতিক কার্যক্রমের উপর সচিত্র প্রতিবেদন উপস্থাপনের সময়সীমা দশ মিনিটের মধ্যে সীমিত রাখার এবং শুধুমাত্র সাম্প্রতিক কার্যক্রম অন্তর্ভূক্ত করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। দেশের যেকোন প্রাকৃতিক দূর্যোগকালীন সময়ে সকল সরকারী/ বেসরকারী সংস্থাসমূহকে যার যার অবস্থান থেকে দুযোর্গ মোকাবেলায় মানুষকে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ জয়নাল আবেদীন)
জেলা প্রশাসক
সিলেট।
ফোন : ০৮২১-৭১৬১০০ (অঃ)

স্মারকনং-০৫.৪৬.৯১০০.০২১.০৬.০০৪.১৬. 288 (320)

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৩
29 নভেম্বর ২০১৬

বিতরণ : কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০।
২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। উপ-মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০।
৪। পুলিশ সুপার, সিলেট।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
৬। সিভিল সার্জন, সিলেট।
৭। উপজেলা চেয়ারম্যান--------------------------------------------------------------------------------(সকল), সিলেট।
৮। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১০। উপজেলা নির্বাহী অফিসার--------------------------------------------------------------------------(সকল), সিলেট।
১১। উপ-পরিচালক---------------------------------------------------------------------------------সিলেট।
১২। জেলা শিক্ষা অফিসার , সিলেট।
১৩।জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
১৪। জেলা ত্রাণ ও পূর্নবাসন অফিসার, সিলেট।
১৫। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট।
১৬।সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
১৭। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সিলেট।
১৮। জনাব.............................................................................................., সিলেট
১৯। গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, সিলেট। জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য।
২০। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা), সিলেট।
২১। অফিস কপি/ মাস্টার কপি ।

(মোঃ জয়নাল আবেদীন)
জেলা প্রশাসক
সিলেট।
ফোন : ০৮২১-৭১৬১০০ (অঃ)
ইমেইল-dcsylhet@gmail.com

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে):</u>

১. জনাব মো: নুরুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
২. জনাব মো: নজরুল ইসলাম ভুইয়া, সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৩. ডা. এমএম রুহুল আমিন, পরিচালক, এইচআরডি
৪. জনাব ইরফানুজ্জামান চৌধুরী, কো-অর্ডিনেটর, ব্লাস্ট, সিলেট।
৫. জনাব কাজী মো: আবুল কালাম আজাদ, এওয়ার্ড।
৬. জনাব আবেদ উল্লা, প্রজেক্ট ম্যানেজার, সিএসআইডি, সিলেট।
৭. জনাব তামান্না আহমদ, এডভোকেসী এসোসিয়েট, আইডিয়া, সিলেট।
৮. এডভোজেট শাহ্ সাহেদা, বিভাগীয় সমন্বয়ক, বেলা, সিলেট।
৯. জনাব সুমন মিয়া, ডিভিশনাল কো-অর্ডিনেটর, আশার আলো সোসাইটি।
১০. জনাব এইচএম ফজলে রাব্বি চৌধুরী, প্রতিনিধি, ইউকেবিইটি।
১১. জনাব নিবাস রঞ্জন দাশ, ডিডি, সমাজ সেবা।
১২. জনাব, আবু তাহের মাঠ কর্মকর্তা, কারিতাস।
১৩. জনাব মো: মো: শরিফুজ্জামান, আঞ্চলিক ব্যবস্থাপক, প্রিপট্রাস্ট।
১৪. জনাব ডা. এসএম রুহুল আমিন, পরিচালক, এইচআরডি, সীমান্তীক, সিলেট।
১৫. জনাব মো আব্দুল হান্নান, প্রকল্প সমন্বয়ক, যমযম, বাংলাদেশ।
১৬. জনাব ফজলে মাওলা চৌধুরী, কো-অর্ডিনেটর, নি:স্ব সহায়ক সংস্থা, সিলেট।
১৭. জনাব শহীদ আহমদ খাঁন, পরিচালক, বৃক্ষছায়া, কাজীটুলা, সিলেট।
১৮. জান্নাতুন নাসরিন, প্রতিনিধি, আরডব্লিউডিও, সিলেট।
১৯. জনাব নাসির উদ্দিন আহমেদ, নির্বাহী পরিচালক, রিডো বাংলাদেশ।
২০. এনায়েত বিলকিছ শিলু, প্রতিনিধি, ইউসেফ বাংলাদেশ।
২১. জনাব মো: আব্দুর রহমান, জেলা সুপারভাইজার, হীড, বাংলাদেশ।
২২. জনাব পল্লব কান্তি রায়, ওয়ার্ড ভিশন, বাংলাদেশ।
২৩. জনাব মো: ফিরোজুর রহমান, জেলা ম্যানেজার, আশা।
২৪. জনাব মো: আজিম উদ্দিন, প্রতিনিধি, এফআইবিডিবি, সিলেট।
২৫. জনাব মো: আউলাদ হোসাইন, আঞ্চলিক ম্যানেজার, ব্যুরো বাংলাদেশ।
২৬. জনাব মো: সামছুল আলম, এলাকা ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ।
৪৮. জনাব সত্যজিত দত্ত পুরকায়স্থ, ক্যাম্পেইন অফিসার, সিক্যান, পিএসটিসি।
২৭. জনাব মো: হাফিজুর রহমান, কো- অর্ডিনেটর, এফপিএবি।
২৮. জনাব এটিএম বদরুল ইসলাম, নির্বাহী পরিচালক, জেসিস।
২৯. প্রতিনিধি, মিশনারীজ অব চ্যারিটি।
৩০. প্রতিনিধি, এসএসকেএস।
৩১. জনাব মো: বদরুল ইসলাম, সিলেট জেলা পুলিশ।
৩২. জনাব খন্দকার মশিউর রহমান, রিজিওনাল ম্যানেজার, এনজিও ফোরাম ফর পাবলিক হেল্থ।
৩৩. জনাব আব্দুর রহমান খান, কো-অর্ডিনেটর, ইএইচডিএস, সিলেট।
৩৪. জনাব চাদনী আক্তার, জেলা ম্যানেজার, বন্ধু।
৩৫. মারুফ আহমদ চৌধুরী, প্রতিনিধি, দি গ্রেনকো ফাউন্ডেশন।
৩৬. জনাব বিভাষ চন্দ্র তরফদার, জেলা ব্র্যাক প্রতিনিধি।
৩৭. জনাব জামিল আহমদ চৌধুরী, নি:স্ব সহায়ক সংস্থা।
৩৮. জনাব লবনী স্বাতী, প্রকল্প সমন্বয়কারী, পত্র সম্প্রদায় কল্যাণ পরিষদ (পাসকপ)
৩৯. জনাব মো: হাসমত আলী, প্রতিনিধি, টিএমএসএস।
৪০. জনাব মিহির রঞ্জন তালুকদার, হেলথ এডুকেটর, মিরীস্টপ ক্লিনিক।
৪১. জনাব সেলিনা পারভীন, প্রতিনিধি, স্র্যাক।
৪২. জনাব আম্মাতুস সালাম, প্রতিনিধি, আরএইচস্টেপ।
৪৩. জনাব রোকেয়া বেগম, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ইকোয়ালিটি সোসাইটি।
৪৪. জনাব আবুল কাশেম, এরিয়া ম্যানেজার, ওয়ার্ড।

**পরিশিষ্ট 'খ'**

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

১. উপ-মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ঢাকা-১০০০।
২. উপজেলা চেয়ারম্যান,.................................................................................(সকল) সিলেট।
৩. জনাব মুহাম্মদ নূরুল আবছার খাঁন, এএসপি ডিএসবি, সিলেট।
৪. প্রতিনিধি, সিভিল সার্জন, সিলেট।
৫. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৬. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৭. উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট।
৮. উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
৯. উপজেলা নির্বাহী অফিসার, ..........................................................(সকল), সিলেট।
১০. চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সিলেট।
১১. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট।
১২. প্রতিনিধি, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।
১৩. প্রতিনিধি, গ্রীন ডিসএ্যাবল্ড ফাউন্ডেশন।
১৪. প্রতিনিধি, হিউম্যান রাইটস, সিলেট।
১৫. প্রতিনিধি, CDL, সিলেট।
১৬. প্রতিনিধি, সৈয়দ নুরূদ্দিন আহমদ ফাউন্ডেশন।
১৭. প্রতিনিধি, বাংলাদেশ মহিলা পরিষদ।
১৮. প্রতিনিধি, বিএসডব্লিউএস সিলেট।
১৯. প্রতিনিধি, অঙ্গীকার জনকল্যাণ সংস্থা।
২০. প্রতিনিধি, মানবাধিকার বাস্তবায়ন সংস্থা।
২১. প্রতিনিধি, বাবু বার্তা, এএসডি, সিলেট।
২২. প্রতিনিধি, মহিলা আইনজীবী সমিতি।
২৩. প্রতিনিধি, HDO,সিলেট
২৪. প্রতিনিধি, এসডিএএফ, সিলেট।
২৫. প্রতিনিধি, কার্ড।
২৬. পূর্বাশা যুব কল্যাণ সংস্থা, আখালিয়া বাজার, সিলেট।
২৭. প্রতিনিধি, গ্রামীন জনকল্যাণ সংস্থা।
২৮. প্রতিনিধি, KRDA, কোম্পানীগঞ্জ সিলেট।
২৯. প্রতিনিধি, একডো, সিলেট।
৩০. প্রতিনিধি, প্রতিবন্ধী নাগরিক পরিষদ, সিলেট।
৩১. প্রতিনিধি, আঞ্চলিক সমন্বয়কারী, এডাব।
৩২. প্রতিনিধি, নির্বাহী পরিচালক, রাইজ ফাউন্ডেশন।
৩৩. প্রতিনিধি, নূরানী সমাজ কল্যাণ সংস্থা।
৩৪. প্রতিনিধি, KYAG
৩৫. প্রতিনিধি, আইডিই, বাংলাদেশ।
৩৬. প্রতিনিধি, এস ও এস শিশুপল্লী, সিলেট।
৩৭. প্রতিনিধি, আরডিআরএস, বাংলাদেশ।
৩৮. প্রতিনিধি, সেভ দ্যা চিলড্রেন, সিলেট।
৩৯. প্রতিনিধি, আরজদ আলী স্মৃতি পাঠাগার।
৪০. প্রতিনিধি, এসডিএএফ।
৪১. জনাব ফিজিও মারুত আহমেদ চৌধুরী, পনসেটি প্রেকটিশনার এন্ড ক্লিনিক ম্যানেজার
৪২. প্রতিনিধি, সমাজ উন্নয়ন সংস্থা (সাস), সিলেট।
৪৩. প্রতিনিধি, বিএসডব্লিউএস।
৪৪. জনাব মোহাম্মদ আব্দুল হামিদ, প্রশাসনিক কর্মকর্তা, প্ল্যান ইন্টা: বাংলাদেশ।
৪৫. জনাব তপসী রাণী সরকার, সহকারী প্রকল্প অফিসার, ইসলামিক রিলিফ বাংলাদেশ।
৪৬. জনাব স্বপন মাহমুদ, প্রজেক্ট ম্যানেজার, জিডিএফ
৪৭. প্রতিনিধি, সিলেট যুব একাডেমী।